গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়

বেসরকারি গ্রন্থাগারে অনুদান বরাদ্দ এবং বই নির্বাচন সরবরাহ সংক্রান্ত নীতিমালা ২০১৪

বাংলাদেশ সচিবালয়, ঢাকা

(www.moca.gov.bd)

সূচীপত্র

ক্রমিক নং	বিষয়	পৃষ্ঠা নং
১।	শিরোনাম	১
২।	পটভূমি	১
৩।	উদ্দেশ্য	১
৪।	সংজ্ঞা	১
৫।	প্রথম অধ্যায়	২
	দ্বিতীয় অধ্যায়	
৬।	অনুদানের জন্য আবেদনপত্র আহ্বান	৩
৭।	আবেদন করার যোগ্যতা	৩
৮।	আবেদনপদ্ধতি	৩
৯।	আবেদন বাছাই ও ক্যাটাগরি নির্ধারণ	৪
১০।	অনুদান বণ্টন	৫
১১।	অনুদান বরাদ্দ কমিটি	৫
	তৃতীয় অধ্যায়	
১২।	সরকারি মঞ্জুরি আদেশ জারি	৬
	চতুর্থ অধ্যায়	
১৩।	বই নির্বাচন কমিটি	৬
১৪।	বই নির্বাচনের নিয়মাবলি	৭-৯
	পঞ্চম অধ্যায়	
১৫।	বই সংগ্রহ	৯
১৬।	বই সরবরাহ	৯
১৭।	প্রাপ্ত অনুদানের অর্থ খরচের হিসাবপদ্ধতি	১০
১৮।	সরবরাহ না নেয়া বইয়ের ভান্ডরে পরবর্তী করণীয়	১০
১৯।	ফেরত আসা চেকসমূহ	১০

১. শিরোনাম :

বেসরকারি গ্রন্থাগারে অনুদান বরাদ্দ এবং বই নির্বাচন সরবরাহ সংক্রান্ত নীতিমালা ২০১৪।

২. পটভূমি :

দেশে একটি বৃহৎ জ্ঞানভিত্তিক পাঠকসমাজ গড়ে তোলার ক্ষেত্রে বই পড়ার বিকল্প নেই। জাতির মনন ও মেধার বিকাশে, আলোকিত মানুষ গঠনে বই অন্যতম সহায়ক শক্তি হিসেবে কাজ করে। এক একটি সমৃদ্ধ গ্রন্থাগার জ্ঞানবিজ্ঞানের এক একটি বাতিঘর। দেশের বিভিন্ন এলাকায় প্রতিষ্ঠিত বেসরকারি গ্রন্থাগারে বই সরবরাহের মাধ্যমে গ্রন্থাগারকে সমৃদ্ধ ও সচল রাখার জন্য সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় থেকে প্রতি অর্থবছর অনুদান বরাদ্দ করা হয়।

৩. উদ্দেশ্য :

৩.১ দেশের বিভিন্ন বেসরকারি গ্রন্থাগারসমূহে অনুদান বরাদ্দ প্রদান করা;

৩.২ বেসরকারি গ্রন্থাগার এলাকায় আর্থ-সামাজিক ও সাংস্কৃতিক কর্মকাণ্ড বিকাশে উৎসাহিত করা;

৩.৩ দেশের বিভিন্ন এলাকায় নতুন পাঠক সৃষ্টি ও সর্বসাধারণকে বইপাঠে উদ্বুদ্ধ করা;

৩.৪ বেসরকারি গ্রন্থাগারের মাধ্যমে বইপাঠ প্রতিযোগিতা, বিভিন্ন জাতীয় দিবস পালনে আগ্রহী করে তোলা;

৩.৫ দেশের বিভিন্ন এলাকায় আলোকিত মানুষ গড়ার জন্য উদ্বুদ্ধ করা।

৪. সংজ্ঞা :

বিষয় কিংবা প্রসঙ্গের পরিপন্থী কিছু না থাকলে এ নীতিমালায়—

৪.১ 'প্রশাসনিক মন্ত্রণালয়' বলতে বুঝাবে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়।

৪.২ 'অনুদান' বলতে বুঝাবে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের রাজস্ব বাজেটের আওতায় প্রতিবছর বেসরকারি গ্রন্থাগারের জন্য বরাদ্দকৃত অর্থ।

৪.৩ 'বেসরকারি গ্রন্থাগার' বলতে বুঝাবে জনসাধারণকে পাঠসেবা প্রদানের লক্ষ্যে বেসরকারি উদ্যোগে সকলের জন্য উন্মুক্ত গ্রন্থাগার।

৪.৪ 'অনুদান বরাদ্দ কমিটি' বলতে বুঝাবে এই নীতিমালার ১১ অনুচ্ছেদ মতে গঠিত কমিটি।

৪.৫ 'বই নির্বাচন কমিটি' বলতে বুঝাবে এই নীতিমালার ১৩.৪ অনুচ্ছেদ মতে গঠিত কমিটি।

৪.৬ 'আবেদন ফরম' বলতে বুঝাবে এই নীতিমালার পরিশিষ্ট 'ক'-তে যুক্ত আবেদন ফরম।

৪.৭ 'মঞ্জুরি আদেশ' বলতে বুঝাবে অনুদান বরাদ্দ পাওয়ার পর অনুদানপ্রাপ্ত বেসরকারি গ্রন্থাগারের অনুকূলে জারিকৃত সরকারি আদেশ।

৪.৮ 'পিপিআর' বলতে বুঝাবে পাবলিক প্রকিউরমেন্ট রুলস ২০০৮ অর্থাৎ সরকারি ক্রয় সংক্রান্ত নীতিমালা।

প্রথম অধ্যায়

৫। ৫.১ **অনুদানের জন্য আবেদনপত্র আহ্বান :** দেশের বিভিন্ন এলাকায় অবস্থিত বেসরকারি গ্রন্থাগার থেকে নির্ধারিত ফরমে প্রতিবছর যথাসময় আবেদনপ্রাপ্তির জন্য জাতীয় গ্রন্থকেন্দ্র জাতীয় দৈনিক পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ করবে;

৫.২ **আবেদন করার যোগ্যতা :** জেলা, উপজেলা ও তৃণমূল পর্যায়ের বেসরকারি গ্রন্থাগারসমূহ আবেদন করতে পারবে;

৫.৩ **আবেদনপদ্ধতি :** অনুদানপ্রাপ্তির জন্য নির্দিষ্ট একটি আবেদন ফরম থাকবে। ফরমে উল্লেখিত শর্তাদি মেনে যাচিত তথ্যাদি পূরণ করে আবেদন করতে হবে;

৫.৪ **আবেদনপত্র যাচাই ও ক্যাটাগরি নির্ধারণ :** অনুদান বরাদ্দ কমিটি প্রাপ্ত আবেদনপত্র বাছাই ও ক্যাটাগরি নির্ধারণ করবে;

৫.৫ **অনুদান বণ্টন পদ্ধতি :** অনুদান বরাদ্দ কমিটি নির্ধারিত ক্যাটাগরি অনুসারে বাজেট বরাদ্দ অনুযায়ী অনুদান বণ্টন করবে;

৫.৬ **সরকারি মঞ্জুরি আদেশ জারি :** প্রাপ্ত আবেদনপত্র অনুদান বরাদ্দ কমিটি কর্তৃক বাছাই করার পর প্রশাসনিক মন্ত্রণালয় থেকে গ্রন্থাগার বরাবর অনুদান বরাদ্দ ও সরকারি মঞ্জুরি আদেশ জারী করবে;

৫.৭ **বই নির্বাচন :** বেসরকারি গ্রন্থাগারসমূহে বই সরবরাহের জন্য প্রশাসনিক মন্ত্রণালয় থেকে একটি 'নির্বাচন কমিটি' গঠন এবং বই নির্বাচন কমিটি অনুদানের বই নির্বাচন করে তালিকা প্রস্তুত করবে;

৫.৮ **বই বিতরণ/সরবরাহ :** প্রশাসনিক মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত সরকারি আদেশ (জি. ও) প্রদর্শন সাপেক্ষে সংশ্লিষ্ট গ্রন্থাগার অনুদানের বই জাতীয় গ্রন্থকেন্দ্রের বিক্রয় কেন্দ্র থেকে সরাসরি সংগ্রহ করবে;

৫.৯ **প্রাপ্ত অনুদান খরচের হিসাবপদ্ধতি :** অনুদানপ্রাপ্ত বেসরকারি গ্রন্থাগার কর্তৃপক্ষ পূর্ববর্তী বছরের প্রাপ্ত অর্থের খরচের সকল তথ্যাদি পরবর্তী বছরের অনুদানের আবেদনপত্রের সাথে সংযুক্ত করবে;

৫.১০ **সরবরাহ না নেয়া বইয়ের পরবর্তী করণীয় :** যে সকল গ্রন্থাগার জাতীয় গ্রন্থকেন্দ্র কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে বই সরবরাহ গ্রহণে ব্যর্থ হবে, সে সকল উদ্বৃত্ত বই জাতীয় গ্রন্থকেন্দ্র পরিচালনা বোর্ডের অনুমোদনক্রমে তৃণমূল পর্যায়ের উপযুক্ত অন্য গ্রন্থাগারে পুনরায় বণ্টন করা যাবে;

৫.১১ **ফেরত আসা চেক :** যাচাই-বাছাইপূর্বক প্রদান করার পরও যে সকল গ্রন্থাগার অস্তিত্বহীন এবং কার্যক্রমহীন বলে স্থানীয় প্রশাসন হতে চেক ফেরত আসবে, জাতীয় গ্রন্থকেন্দ্র এ চেকের অর্থ সরকারি কোষাগারে জমা দান করবে।

দ্বিতীয় অধ্যায়

৬. **অনুদানের জন্য আবেদনপত্র আহ্বান :**

৬.১ দেশের বিভিন্ন এলাকায় অবস্থিত বেসরকারি গ্রন্থাগারকে অনুদান প্রদানের লক্ষ্যে প্রশাসনিক মন্ত্রণালয়ের অনুমোদনক্রমে প্রতিবছর জাতীয় গ্রন্থকেন্দ্র একটি ইংরেজিসহ ০২/০৩ (দুই/তিন)টি বহুল প্রচারিত জাতীয় দৈনিক পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ করে আবেদনপত্র আহ্বান করবে;

৬.২ নির্ধারিত আবেদন ফরম জাতীয় গ্রন্থকেন্দ্র ও সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট শাখায় (শাখা-৪) পাওয়া যাবে;

৬.৩ আবেদনপত্রের ফরম সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় www.moca.gov.bd, তথ্য মন্ত্রণালয় www.moi.gov.bd এবং জাতীয় গ্রন্থকেন্দ্রের ওয়েব সাইট www.nbc.org.bd ঠিকানায় পাওয়া যাবে। উক্ত ফরম ডাউন লোড করে আবেদন করা যাবে।

৭. **আবেদন করার যোগ্যতা :**

৭.১ জেলা, উপজেলা ও গ্রাম পর্যায়ের বেসরকারি গ্রন্থাগার আবেদন করতে পারবে;

৭.২ গ্রন্থাগারের একটি নির্দিষ্ট পাঠকক্ষ এবং সংগ্রহে কমপক্ষে ৫০০ বই থাকতে হবে;

৭.৩ বেসরকারি গ্রন্থাগারকে সমাজসেবা অধিদপ্তর কর্তৃক স্বেচ্ছাসেবি প্রতিষ্ঠান হিসেবে নিবন্ধিত বা গণগ্রন্থাগার অধিদপ্তর/জাতীয় গ্রন্থকেন্দ্র কর্তৃক তালিকাভুক্ত অথবা সরকারের অন্য কোন প্রতিষ্ঠানে নিবন্ধিত হতে হবে;

৭.৪ কার্যক্রম পরিচালনার জন্য বেসরকারি গ্রন্থাগারের একটি কার্যনির্বাহী কমিটি ও গঠনতন্ত্র থাকতে হবে;

৭.৫ পাঠকক্ষে প্রতিদিন পাঠকসেবা প্রদান ও নিয়মিত কমপক্ষে ১০ জন পাঠকের উপস্থিতি থাকতে হবে;

৭.৬ কোনো শিক্ষা প্রতিষ্ঠান, মসজিদ, মক্তব, মন্দির, এতিমখানা ও এনজিও কর্তৃক পরিচালিত গ্রন্থাগার আবেদনের যোগ্য হবে না।

৮. **আবেদনপদ্ধতি :**

৮.১ অনুদানপ্রাপ্তির লক্ষ্যে নির্দিষ্ট আবেদন ফরমে (পরিশিষ্ট-ক) আবেদন করতে হবে;

৮.২ আবেদন ফরম ব্যতীত পৃথক কোন কাগজ বা প্যাডে আবেদন করা যাবে না;

৮.৩ নির্ধারিত আবেদন ফরমে প্রতি বছর ৩০ নভেম্বর/পত্রিকায় বিজ্ঞপ্তিকৃত তারিখের মধ্যে **সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা** বরাবরে আবেদন করতে হবে;

৮.৪ আবেদন ফরমে উল্লিখিত শর্তাবলি যথাযথভাবে পূরণ করতে হবে;